54

দৈনিক জনকণ্ঠ

তারিখ ২৩ JAN 1996
পৃষ্ঠা ২ কলাম ৬

এসএসসিতে অতিরিক্ত ফী আদায়

# জামালপুরে দু'হাজার শিক্ষার্থী ফরম পূরণ করতে পারেনি

জামালপুর, ২২ জানুয়ারি (সংবাদদাতা)।- অতিরিক্ত ফী আদায়ের দরুন জামালপুর জেলার দু'হাজার ছাত্রছাত্রী ১৯৯৬ সালের মার্চ মাসে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফরম পূরণ করতে পারেনি। এসব ছাত্রছাত্রীর অধিকাংশই দরিদ্র দিনমজুর পরিবারের সন্তান।

জানা গেছে, জেলার ৭টি থানার ৭টি সরকারী ও ১শ' ৪৬টি বেসরকারী বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়ের ১০ হাজার ছাত্রছাত্রী আগামী মার্চ মাসে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফরম পূরণ করেছে। গত ১৫ জানুয়ারি জরিমানাসহ ফরম পূরণের শেষ দিন ছিল। গত বছর জেলার ৯টি কেন্দ্রে সর্বমোট ১২ হাজার ২শ' ২৫, জন ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। অতিরিক্ত ফী আদায়ের কারণে প্রতিবছর এসএসসি পরীক্ষার্থীর 'ড্রপ আউট' সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

এবারের অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার বোর্ড ফী ধার্য করা হয়েছে যথাক্রমে বিজ্ঞান বিভাগ ৪শ' ৯০ টাকা এবং মানবিক বিভাগের জন্য ৪শ' ৫০ টাকা। এর সঙ্গে কেন্দ্র ফী নেয়া হচ্ছে ৮৫ টাকা। বোর্ড ফী, কেন্দ্র ফী, অগ্রিম ৩ মাসের বেতন ও বিদ্যালয়ের অন্যান্য ফীসহ প্রতিটি ছাত্রছাত্রীর ফরম ফিলাপে ৭/৮ শ' টাকার স্থলে ১২/১৫শ' টাকা আদায় করা হয়। বোর্ড ফী-এর অতিরিক্ত দ্বিগুণ ও অন্যান্য ফী আদায়ের ফলে দরিদ্র দিনমজুর পরিবারের প্রায় ২ হাজার ছাত্রছাত্রী নির্ধারিত তারিখের মধ্যে ফরম ফিলাপ করতে পারেনি। দরিদ্র ছাত্রছাত্রীদের অভিভাবকরা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নেতৃবৃন্দের নিকট ধরনা দিয়েও তাদের ছেলেমেয়েদের ফরম ফিলাপ করাতে পারেনি। সারাবছর নিয়মিত ক্লাস করে এবং নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ফরম ফিলাপ করতে না পারায় ছাত্রছাত্রীরা হতাশ হয়ে বিদ্যালয় ছাড়তে বাধ্য হচ্ছে।

এছাড়াও জেলার বিভিন্ন বিদ্যালয়ে 'দুই নম্বরী পন্থায়' বহিরাগত ছাত্রছাত্রীদের ফরম ফিলাপের অভিযোগ রয়েছে। বহিরাগত পরীক্ষার্থীদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা আদায় করা হয়। লক্ষ্য করা গেছে, কোন কোন বিদ্যালয়ে নিয়মিত পরীক্ষার্থীর চেয়ে বহিরাগত পরীক্ষার্থীর সংখ্যা বেশি। পরীক্ষার ফরম ফিলাপে অতিরিক্ত ফী আদায়সহ নানারকম অনিয়মের অভিযোগ থাকা সত্ত্বেও এ ব্যাপারে শিক্ষা বিভাগ সম্পূর্ণ উদাসীন।